



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ  
বিদ্যাসাগর ভবন  
৯/২, ব্লক-ডি. জে., সেক্টর-২, সল্টলেক সিটি,  
কলকাতা-৭০০০৯১

নং- L/PR/53/2021

তারিখ: 30/04/2021

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল বিদ্যায়তনের প্রধানকে জানানো যাচ্ছে যে, এবছর ২০২১ সালের একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষা কোভিড পরিস্থিতি ও অন্যান্য কারণে বাতিল করা হল। একাদশ শ্রেণীর পরীক্ষার্থীদের দ্বাদশ শ্রেণীতে উত্তীর্ণ করার জন্য বিদ্যায়তনের প্রধানদের অনুরোধ করা হচ্ছে। সেই সঙ্গে এই ছাত্র ছাত্রীদের দ্বাদশ শ্রেণীর প্রথম তিনমাসের মধ্যে শুধুমাত্র উচ্চমাধ্যমিক পরীক্ষা সম্পর্কিত একাদশ শ্রেণীর সংক্ষিপ্ত (Reduced) সিলেবাস সমাপ্ত করার জন্যও অনুরোধ করা হচ্ছে।

এবছর ২০২১ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা পরীক্ষার্থীদের নিজ নিজ বিদ্যায়তনে (HOME VENUE) ইতিমধ্যে ঘোষিত ও নির্ধারিত সূচি ও পরিবর্তিত সময় সারণি (১০টা থেকে ১.১৫ এর পরিবর্তে দুপুর ১২টা থেকে ৩.১৫ মিনিট) অনুযায়ী অনুষ্ঠিত হবে। কোভিড-১৯ পরিস্থিতির উপর সংসদ নিয়মিত পর্যবেক্ষণ ও নজর রাখছে। প্রয়োজনে এ বিষয়ে পরিবর্তিত পরিস্থিতি অনুযায়ী সংসদ সিদ্ধান্ত নেবে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। সকলের সহযোগিতা প্রার্থনা করি।

(ডাঃ মহুয়া দাস)

সভাপতি

পঃবঃউঃমাঃ শিক্ষা সংসদ